



সড়ক দুর্ঘটনায় বর-কনেসহ ১৪ জন নিহত, এক পরিবারের ৯ জনের একসঙ্গে দাফন



ছবি: সংগৃহীত

মোংলা উপজেলায় ভয়াবহ সড়ক দুর্ঘটনায় নিহত স্থানীয় বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) নেতা আঃ রাজ্জাকসহ তার পরিবারের ৯ সদস্যকে একসঙ্গে দাফন করা হয়েছে।

শুক্রবার (১৩ মার্চ) জুমার নামাজের পর মোংলা উপজেলা পরিষদ মাঠে অনুষ্ঠিত হয় তাদের জানাজা।

বিকেল প্রায় সোয়া ৩টার দিকে মোংলা পৌর কবরস্থানে দাফন কার্যক্রম শুরু হয়। প্রথমে পরিবারের কর্তা আঃ রাজ্জাককে দাফন করা হয়, এরপর পর্যায়ক্রমে অন্য সদস্যদের কবর দেওয়া হয়। স্বজনদের আহাজারি আর শোকে পুরো এলাকা ভারী হয়ে ওঠে।

একই দুর্ঘটনায় নিহতদের মধ্যে কনের বাড়ির চারজনকে সকালে কয়রায় দাফন করা হয়েছে। মাইক্রোবাস চালকের দাফন সম্পন্ন হয় রামপালে।

ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শোকবার্তায় তিনি নিহতদের আত্মার মাগফিরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান। পৃথক বিবৃতিতে শোক জানিয়েছেন পরিবেশ প্রতিমন্ত্রী লায়ন ডক্টর শেখ ফরিদুল ইসলাম।

জানাজায় লায়ন ড. শেখ ফরিদুল ইসলাম ছাড়াও জেলা প্রশাসন, স্থানীয় প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তা এবং বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত বুধবারের ওই দুর্ঘটনায় বর-কনেসহ মোট ১৪ জনের প্রাণহানি ঘটে।